



পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি

POWER GRID BANGLADESH PLC

(An Enterprise of Bangladesh Power Development Board)

সূত্র নং: ২৭.২১.০০০০.১০১.১৮.০০১.২৬.২৫৪৭

তারিখঃ জ্যৈষ্ঠ ২৪, ১৪৩৩ বঙ্গাব্দ
জুন ০৭, ২০২৬ খ্রিস্টাব্দ

দপ্তর আদেশ


বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক ০৩ জুন ২০২৬ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহ যথা—বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন সকল পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি-কে সরবরাহকৃত বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ) বৃদ্ধি করে নিম্নবর্ণিত হারে পুনঃনির্ধারণ করা হয়েছে (বিইআরসি'র বিজ্ঞপ্তি সংযুক্ত)।

বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ)

ক্রমিক নং	ভোল্টেজ লেভেল	বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার ** (টাকা/কি.ও.ঘ.)
১	২৩০ কেভি	০.৩৭৮৯
২	১৩২ কেভি	০.৩৮২৫
৩	৩৩ কেভি	০.৩৮৯৭

**পুনঃনির্ধারিত বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ) বিল মাস জুন ২০২৬ হতে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকল দপ্তরসমূহকে পুনঃনির্ধারিত হার অনুযায়ী বিল মাস জুন ২০২৬ হতে হইলিং বিল প্রণয়ন ও ইস্যু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৭/০৬/২০২৬

(মোঃ জাহাঙ্গীর আজাদ)

কোম্পানি সচিব

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড।
- নির্বাহী পরিচালক (অর্থ/এইচআরএম/ ওএন্ডএম/পিএন্ডডি), পাওয়ার গ্রিড।
- প্রধান প্রকৌশলী (সঞ্চালন-১/ সঞ্চালন-২), পাওয়ার গ্রিড।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ)/ গ্রিড সার্কেল, ঢাকা (উত্তর)/ গ্রিড সার্কেল, চট্টগ্রাম/ গ্রিড সার্কেল, কুমিল্লা / গ্রিড সার্কেল, বগুড়া/ গ্রিড সার্কেল, খুলনা/এইচভিডিসি সার্কেল) পাওয়ার গ্রিড।
- নির্বাহী প্রকৌশলী, সকল জিএমডি/এমআইএস, পাওয়ার গ্রিড।
- নির্বাহী প্রকৌশলী (আইসিটি), পাওয়ার গ্রিড-পাওয়ার গ্রিডে'র ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।
- অফিস কপি।







বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫২০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ) পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি


বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ যথা-বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি-কে সরবরাহকৃত বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ) নিম্নবর্ণিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ), ২০২৬

ভোল্টেজ লেভেল	বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)	
১	২৩০ কেভি	০.৩৭৮৯
২	১৩২ কেভি	০.৩৮২৫
৩	৩৩ কেভি	০.৩৮৯৭

- ২। পুনর্নির্ধারিত বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ) বিল মাস জুন ২০২৬ হতে কার্যকর হবে।
- ৩। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,


মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫